কালের কণ্ঠ

তারিখ 16 JUL 2016
পৃষ্ঠা ১৫ কলাম ৮

### শিক্ষকের যৌন হয়রানি

# বিদ্যালয়ে যাচ্ছে না অষ্টম শ্রেণির ছাত্রী

**পিরোজপুর প্রতিনিধি ▷**

পিরোজপুরের নাজিরপুর উপজেলার একটি মাধ্যমিক বিদ্যালয়ের শিক্ষকের বিরুদ্ধে ছাত্রীকে যৌন হয়রানির অভিযোগ উঠেছে। এ ঘটনার বিচার চেয়ে বিদ্যালয় কর্তৃপক্ষের কাছে লিখিত আবেদন করেছেন ছাত্রীর মা। এরপর প্রভাবশালী শিক্ষকের হুমকিতে বিদ্যালয়ে যাওয়া বন্ধ করে দিয়েছে ছাত্রীটি। মেয়েকে নিয়ে এলাকা ছাড়তে বাধ্য হয়েছেন মা।

ছাত্রী ও তার মা জানান, গত ১১ জুলাই সকালে শিক্ষক শংকর কুমার গোলদার লোক পাঠিয়ে ওই ছাত্রীকে বাসায় ডেকে নেন। ছাত্রীর সঙ্গে অশোভন আচরণ করেন। বাবাহারা মেয়েকে নিয়ে ওই মা ভয়ভীতি পেয়ে এলাকা ছেড়ে চলে গেছেন। এ কারণে মেয়েটি বিদ্যালয়ে চলমান অর্ধবার্ষিক পরীক্ষায় অংশ নিতে পারছে না। নাম প্রকাশ না করার শর্তে ওই বিদ্যালয়ের কয়েকজন শিক্ষক জানান, শংকর মাদকাসক্ত। প্রাইভেট না পড়লে তাঁর বিষয়ে ফেল করিয়ে দেওয়ার ভয় দেখিয়ে ছাত্রীদের বাধ্য করেন। তাঁর ছোট ভাই উপজেলা আওয়ামী লীগের প্রভাবশালী নেতা। শংকর কুমার বলেন, 'এটা স্পেশাল ম্যাটার।' বিদ্যালয় পরিচালনা কমিটির সভাপতি অনিল চন্দ্র মিস্ত্রি বলেন, 'ওই শিক্ষককে সাত দিনের মধ্যে কারণ দর্শাতে বলা হয়েছে।'